শেখ হাসিনার উদ্যোগ

# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি


MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৮৬২৬-৭১৪৫৩ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd


MOULVIBAZAR P.B.S.
ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০৩৮.২৩. ২৯

তারিখঃ ১৭ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ জানুয়ারী, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল প্রত্যয়ন পত্র ফরম সরবরাহের পুনঃদরপত্রআহ্বান প্রসঙ্গে।

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল প্রত্যয়ন পত্র ফরম সরবরাহের নিমিত্ত প্রকৃত উৎপাদনকারী/ছাপাখানা/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে "RFQ (রিকোয়েষ্ট ফর কোটেশন)" এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ঃ | ০৮/০১/২০২৩ খ্রিঃ, সময় ঃ ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| (খ) | দরপত্র দাখিল ও খোলার স্থান | ঃ | (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |
| | | | (ii) সিনিয়র জেনারেল ম্যানেজারের কার্যালয়, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| (গ) | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ০৮/০১/২০২৩ খ্রিঃ, সময় ঃ ১২:০৫ ঘটিকা। |

মালামালের বিবরণ ও মূল্য তালিকা

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমাণ | উদ্ধৃত মূল্য (টাকায়) | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল প্রত্যয়ন পত্র ফরম (বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধকারী গ্রাহক) (নমুনা মোতাবেক) | ১,৩৮,০০০ (এক লক্ষ আটত্রিশ হাজার) পিস | | |
| ০২ | কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল প্রত্যয়ন পত্র ফরম (বিদ্যুৎ বিল বকেয়াধারী গ্রাহক) (নমুনা মোতাবেক) | ১,২২,০০০ (এক লক্ষ বাইশ হাজার) পিস | | |
| | | | সর্বমোট = | |

শর্তাবলী ঃ

০১। দরপত্র উপরে বর্ণিত সময়সীমা অনুযায়ী "খ"-এ বর্ণিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ "গ"-এ বর্ণিত সময়সূচি অনুযায়ী "খ"-এ বর্ণিত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। ফরমসমূহ চলমান কাগজে (Continuous Paper) তৈরী করিতে হইবে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধিত প্রত্যয়ন পত্রের প্রতি পাতায় হাফ পোরশান দিতে হবে। চলমান প্রত্যয়ন পত্রের পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টারের ছিদ্রসমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হইবে এবং উক্ত ছিদ্র সমূহ স্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করিতে হইবে, যাহাতে ছিদ্র সমূহে কোন ডাস্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে।

০৩। কাগজের মান-৭০ GSM উন্নতমানের অফসেট (সাদা), সাইজ-৮.৫০" x ১১.০০" (Size-Letter) হইবে

০৪। নমুনা ফরমেট অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করিতে হইবে।

০৫। প্রথম পৃষ্ঠার শিরোনাম ও বিজ্ঞপ্তিসমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করিতে হইবে। মুদ্রণের অক্ষরসমূহ স্পষ্ট (Sharp) হইতে হইবে। অন্যান্য অংশ নমুনা মোতাবেক হইবে। প্রত্যয়ন পত্রের কপিতে উপরের বাম অংশে ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর ও এরিয়া কোড উল্লেখ থাকিবে। ফরমের পাদদেশে সরবরাহকারী/মুদ্রণ প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং,কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকিবে।

০৬। প্রতি প্যাকেটে ২০০০ টি শীট থাকিতে হইবে। প্যাকিং ব্যতিত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ৭০ GSM (Continuous Paper এর ক্ষেত্রে) ২০০০ শীটের ন্যূনতম ওজন ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হইতে হইবে।

০৭। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে।

০৮। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিষ্ট্রেশন (হাল সন) এর সত্যায়িত (নাম,পদবী সহ) ফটোকপি সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

০৯। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে " কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল প্রত্যয়ন পত্র ফরম সরবরাহের নিমিত্ত দরপত্র " কথাটি লিখতে হবে

১০। সরকারী নিয়ম অনুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।

১১। মালামাল নিজ খরচে নির্দিষ্ট সময়ের মধ্যে মৌলভীবাজার পবিস এর সদর দপ্তর, শ্রীমঙ্গল-এ পৌছাতে হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১২। মালামাল এর গুণগতমান যাচাই পূর্বক কমিটির প্রত্যয়ন সাপেক্ষে গ্রহণ করা হবে। গুণগতমান সন্তোষজনক না হলে কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না।

১৩ যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ½ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না

১৪ বিল পরিশোধের ক্ষেত্রে কোন প্রকার জটিলতার সৃষ্টি হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে ।

১৫ মৌলভীবাজার পবিস কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০১/০৪/২৩

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ বিজ্ঞপ্তিটি আপনাদের নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ ঃ

০১ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২ জেলা প্রশাসক, মৌলভীবাজার
০৩ পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৪ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............................................................পবিস ১/২/৩/৪।
০৫ ডিজিএম, মৌলভীবাজার/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর জোনাল অফিস/সদর দপ্তর-কারিগরি, মৌলভীবাজার পবিস।
০৬ এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), মৌলভীবাজার পবিস।
০৭ মেসার্স .............................................................................................
০৮ নোটিশ বোর্ড, মৌলভীবাজার পবিস।
০৯। অফিস ফাইল/মাস্টার ফাইল।

০১/০৪/২৩

( প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন )
সিনিয়র জেনারেল ম্যানেজার